গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
আইসিটি সেল

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (stakeholders) সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | রশিদুল হাসান<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | কাশিপুর সমাজ উন্নয়ন সংসদ, নারায়ণগঞ্জ |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং তিনি বক্তব্যের শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি সকল ভাষা শহিদ, পঁচাত্তরের ১৫ই আগস্ট কালরাতে ঘাতকের বুলেটে নির্মমভাবে নিহত বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব, বঙ্গবন্ধু পরিবারের সদস্যসহ সকল শহিদ, জেলখানায় হত্যাকান্ডের শিকার ৪ নেতাসহ মহান মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহিদ ও নির্যাতিত ২ লাখ মা বোনের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ করেন। পরিচিতি পর্বের পর সেতু বিভাগ এবং সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে অংশীজনের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভায় সুশাসন প্রতিষ্ঠার সম্পর্কে প্রাথমিক ধারণা এবং সাধারণ জনগণ ও অংশীজনদের করনীয়সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২। সভায় নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | সভাপতি সভাকে জানান যে, রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহে সুশাসন প্রতিষ্ঠা ও একটি দুর্নীতি বিরোধী সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে ২০১২ সালে সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। এরই অংশ হিসেবে সেতু বিভাগের আওতাধীন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতায় পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের অংশীজনদের সমন্বয়ে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। সভাপতি মহোদয় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন অন্য সকল প্রকল্পের অংশীজনদের সমন্বয়ে এ ধরণের সভা আয়োজন অব্যহত রাখার নির্দেশনা প্রদান করেন এবং নাগরিক জীবনের প্রতিটি ক্ষেত্রে স্বছতা, জবাবদিহি, এবং সততা নিশ্চিতকরণে সকলকে একসঙ্গে কাজ করার অনুরোধ করেন। | সেতু বিভাগের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা আয়োজন অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগ |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০২. | জনাব মো: মনির শিকদার, সাবেক চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ সভাকে জানান, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের ক্ষতিগ্রস্থদের তালিকা ও ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ করা হলেও অনেক ক্ষতিগ্রস্থ ব্যক্তি এখনও ক্ষতিপূরণ পাননি। এ বিষয়ে জেলা প্রশাসক কার্যালয়ের প্রতিনিধি জনাব ফারশীদ বিন এনাম, আরডিসি, নারায়নগঞ্জ সভাকে জানান, মহামান্য হাইকোর্টের নির্দেশের আলোকে নদী শ্রেণীর জমি হওয়াতে প্রায় ৩০% জমির ক্ষতিপূরণ দেয়া সম্ভব হয়নি। রিট নিষ্পত্তি হওয়ার পর অতিদ্রুত ক্ষতিপূরণ প্রদান করার বিষয়ে সভাপতি সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | বর্ণিত বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ১। প্রকল্প পরিচালক, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প।<br><br>২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ। |
| ০৩. | জনাব এমদাদুল হক খোকা, সদস্য, কাশীপুর ইউনিয়ন পরিষদ, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পে ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণের ব্যবস্থা করায় মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভাকে আরো জানান, হিন্দু ধর্মাবলম্বী অনেকেই ক্ষতিপূরণ পাচ্ছেন না। তিনি বিষয়টি খতিয়ে দেখার অনুরোধ জানান। এ বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধি জনাব ফারশীদ বিন এনাম, আরডিসি, নারায়নগঞ্জ সভাকে জানান ক্ষতিপূরণ প্রদানের ব্যাপারে ধর্ম কোন বিবেচ্য বিষয় নয়। সিএস খতিয়ানসহ অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রে জমির যিনি প্রকৃত মালিক তিনিই ক্ষতিপূরণ প্রাপ্ত হয়ে থাকেন। তদুপরি তিনি সংশ্লিষ্টদের প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় যেতে অনুরোধ করেন এবং বিষয়টি নিবিড়ভাবে খতিয়ে দেখে এর সুরাহা করে দেওয়ার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। সভাপতি মহোদয় কাগজপত্র যাচাই করে যথাযথ ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদানের জন্য অনুরোধ জানান। | সংশ্লিষ্ট দলিলপত্রাদি পর্যালোচনা করে মালিকানা নিশ্চিত হয়ে যথাযথ ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদানের জন্য অনুরোধ করা হলো। | ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ। |
| ০৪. | জনাব মো: মোক্তার হোসাইন, প্রকল্পে ক্ষতিগ্রস্থ একজন দোকান মালিক সভাকে জানান, তিনি দুইটি দোকানের মালিক হলেও ক্ষতিপূরণ প্রাপ্তির ক্ষেত্রে একটি দোকান বাবদ ক্ষতিপূরণ পেয়েছেন। অপর দোকান বাবদ ক্ষতিপূরণ প্রাপ্তির বিষয়ে তিনি অগ্রগতি জানতে চান। পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ) মোসা: শরীফুন্নেসা সভাকে জানান, তিনি ২টি দোকান বাবদ ক্ষতিপূরণ দাবী করে আবেদন করলেও একটি দোকানের মালিকানার কাগজপত্র ও লাইসেন্স দাখিল করেছেন। এক্ষেত্রে ২য় দোকানের মালিকানার লাইসেন্সসহ অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করা হলে ক্ষতিপূরণ প্রদানের বিষয়টি বিবেচনার জন্য গৃহীত হবে। সভাপতি দোকানের মালিকানার কাগজপত্রাদি ক্ষতিগ্রস্থ ব্যক্তি কর্তৃক দাখিল সাপেক্ষে বিষয়টি বিধিমোতাবেক নিষ্পত্তির অনুরোধ জানান। | দোকানের মালিকানার কাগজপত্রাদি ক্ষতিগ্রস্থ ব্যক্তি কর্তৃক দাখিল সাপেক্ষে বিধিমোতাবেক যথাযথ ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো। | ১। প্রকল্প পরিচালক, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প। |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৫. | জনাব মো: রবিউল ইসলাম, প্রতিনিধি, সমাহার (ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত এনজিও) অনেক ক্ষতিগ্রস্থ ব্যক্তি নিজেদের-কে একাধিক বাড়ির মালিক মর্মে দাবী করেন। তবে আয়কর রির্টানসহ অন্যান্য কাগজপত্রে একটি বাড়ি উল্লেখ রয়েছে। সভাপতি মহোদয় সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই করে বিধিমোতাবেক ক্ষতিপূরণের বিষয়টি নির্ধারণের নির্দেশনা প্রদান করেন। | আয়কর রির্টানসহ সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই করে ক্ষতিপূরণের বিষয়টি নির্ধারণ করার জন্য অনুরোধ করা হলো। | ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।<br>২। প্রকল্প পরিচালক, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প। |

৩। পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

রশিদুল হাসান
যুগ্মসচিব

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.২০১.৩৭.০৩২.১৩.৯৩

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০
০৬ মার্চ ২০২৪


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, সেতু বিভাগ
৩) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ , সেতু বিভাগ
৪) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ
৫) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ
৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
৮) প্রকল্প পরিচালক, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প
৯) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ
১০) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১১) সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন শাখা, সেতু বিভাগ
১২) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১, সেতু বিভাগ
১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ

১৫) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১৬) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সেতু বিভাগ

১৭) জনাব..........................................................................



সালমা খাতুন

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)